বাগেরহাট পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগ ও বিএনপির পাল্লাপাল্টি সংবাদ সম্মেলন (ভিডিও)

বাগেরহাট পৌরসভা নির্বাচনের পরিবেশ নিয়ে আওয়ামী লীগ ও বিএনপি পাল্টাপাল্টি সংবাদ সম্মেলন করেছে। বাগেরহাট প্রেস ক্লাবে দুপুর সাড়ে ১২টায় বিএনপির মেয়র প্রার্থী সাঈদ নিয়াজ হোসেন সংবাদ সম্মেলন করেন। এসময় জেলা বিএনপির আহবায়ক আকরাম হোসেন তালিমসহ দলীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

অপর দিকে এদিন দেড়টার সময় আওয়ামী লীগ মনোনীত প্রার্থীর পক্ষে জেলা আওয়ামী লীগের সভাপতি মুক্তিযোদ্ধা শেখ কামরুজ্জামান টুকু সংবাদ সম্মেলন করেন। এসময় জেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ভূইয়া হেমায়েত উদ্দীন ও প্রধান নির্বাচনী এজেন্ট নকীব নকিবুল হক নজু সহ আওয়ামী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।
বিএনপির প্রার্থী শৈবাল বলেন, আমাকেসহ আমার দলের লোকজনকে হুমকি,ধামকি ও প্রান নাশের ভয়ভীতি প্রদান করা হচ্ছে। আমার বাড়ীতে গিয়ে মা এবং বোনকে অকথ্য ভাষায় গালিগালাজ করা হয়েছে। তারপরও আমরা মাঠে আছি শেষ মুহুর্ত পর্যন্ত নির্বাচনী মাঠে থাকতে চাই।

অপর দিকে আওয়ামী লীগ নেতারা বলেন, বিএনপি আমাদের বিরুদ্ধে মিথ্যাচার করছে। আমরা সন্ত্রাসের রাজনীতি করি না। বিএনপির মধ্যে কোন্দল আছে। তারা একজন অসাংগঠনিক ব্যাক্তিকে প্রার্থী করে কর্মিশুন্য হয়ে পড়েছে। তার দায় আমাদের উপর চাপানো অপচেষ্টা করছে। সরকার চায় নির্বাচন সুষ্ঠ হোক। আমাদের প্রার্থী খান হাবিবুর রহমান পুনরায় জিতবে বলে আমরা আশাবাদী।

আগামী ১৪ ফেব্রুয়ারী ৪র্থ ধাপে বাগেরহাট পৌর সভার নির্বাচন অনুষ্ঠিত হবে।

বিএনপির সংবাদ সম্মেলনের ভিডিও দেখুন

আওয়ামী লীগের সংবাদ সম্মেলনের ভিডিও দেখুন